

## আত-তাগাবুন | At-Taghabun | التَّغَابُنُ

আয়াতঃ ৬৪ : ১৩

### আরবি মূল আয়াত:

۱۳ ﴿ ﷺ لَا إِلَهَ إِلَّا هُوَ ۚ وَ عَلَى اللَّهِ فَلِيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ۚ ﴾

### অনুবাদসমূহ:

আল্লাহ, তিনি ছাড়া কোন ইলাহ নেই এবং আল্লাহর উপরই মুমিনরা যেন তাওয়াক্তুল করে। — আল-বায়ান

আল্লাহ তিনি ছাড়া সত্ত্বিকারের কোন ইলাহ নেই। কাজেই মুমিনরা আল্লাহরই উপর নির্ভর করুক। — তাইসিরাল

আল্লাহ ব্যতীত কোন মার্বুদ নেই; সুতরাং মুমিনরা যেন আল্লাহ উপরই নির্ভর করে। — মুজিবুর রহমান

Allah - there is no deity except Him. And upon Allah let the believers rely. —  
Sahih International

১৩. আল্লাহ, তিনি ছাড়া কোন সত্য ইলাহ নেই; আর আল্লাহর উপরই মুমিনগণ যেন তাওয়াক্তুল করে।

-

তাফসীরে জাকারিয়া

(১৩) আল্লাহ, তিনি ব্যতীত কোন (সত্য) উপাস্য নেই; সুতরাং বিশ্বাসীরা যেন আল্লাহর উপরই নির্ভর করে। [1]

[1] অর্থাৎ, সমস্ত বিষয় তাঁকেই সোপর্দ করে, তাঁরই উপর ভরসা করে এবং শুধুমাত্র তাঁরই কাছে প্রার্থনা ও আশ্রয় কামনা করে। কেননা, তিনি ব্যতীত কেউ প্রয়োজন পূরণকারীও নেই এবং মুসীবত দূরকারীও নেই। (বিপ্রত্বরণ ও পতিতপাবন একমাত্র তিনিই।)

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5212>

১. হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন